



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

১০৫২২



নং-বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-৯৩/ ২২৬৫/৫

তারিখ: ১২.২০১৮খ্রি:

বিষয়: কাজে যোগদান না করার ব্যাখ্যা।

- সূত্র: ১. স্মারক নং- বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-৯৩/২১৮২/৩; তারিখ: ০৫/০৯/২০১৮খ্রি:  
 ২. স্মারক নং- ১১/১৮; তারিখ: ২০/০৯/২০১৮খ্রি:  
 ৩. স্মারক নং- বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-৯৩/২২০০/৫; তারিখ: ১০/১০/২০১৮খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন আলহাজ্ব মোহাম্মদ আলী দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী (সাময়িক বরখাস্তকৃত) আবু তাহের জিয়াউদ্দিন মোঃ ইউসুফ কে বিগত ১৩/০৯/২০১৪ ইং তারিখে সাময়িক বরখাস্ত করা হয়। এসময়ে তার বেতন ভাতা বন্ধ রাখা হয়, এমন কি তার জীবন ধারন ভাতা / খোরাকী ভাতাও বন্ধ রাখা হয় বলে একখানা অভিযোগ পত্র বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে দাখিল করে। বর্ণিত বিষয়ে সুস্পষ্ট লিখিত বক্তব্য সহ সমর্থনীয় কাগজ পত্র চেয়ে মাদ্রাসার সভাপতি ও সুপার সূত্রোক্ত ১ নং স্মারকে পত্র দেওয়া হয়। পত্রের পরিপ্রেক্ষিতে মাদ্রাসার সভাপতি ও সুপার সূত্রোক্ত ২নং স্মারকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে যৌথ ভাবে জবাব দাখিল করেন।

জবাবের পরিপ্রেক্ষিতে সাময়িক বরখাস্তকৃত সহকারী মৌলভী আবু তাহের জিয়া উদ্দিন মোঃ ইউসুফকে মাদ্রাসায় উপস্থিত হয়ে কাজে যোগদানের জন্য সূত্রোক্ত ৩ নং স্মারকে পত্র দেওয়া হয়। পত্র মোতাবেক কাজে যোগদান করার জন্য গেলে ম্যানেজিং কমিটির সভাপতি এবং অফিস সহকারী মোঃ বদিরুজ্জামান জোর পূর্বক ৩০০/-টাকার স্ট্যাম্পে স্বাক্ষর নেয় ও মামলা করায় ক্ষতি পূরণ বাবদ ৮০,০০০/- (আশি হাজার) টাকার মূল্যের ব্যাংক চেক দাবি করা হয় মর্মে অত্র বোর্ডে অভিযোগ পত্র দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় সাময়িক বরখাস্তকৃত সহকারী মৌলভী আবু তাহের জিয়া উদ্দিন মোঃ ইউসুফ কর্তৃক অভিযোগ বিষয়ে আগামী ১৫/০১/২০১৯ ইং তারিখের মধ্যে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১০/১

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন: ৯৬১২৮৫৮

- প্রাপক: ১। সভাপতি, আলহাজ্ব মোহাম্মদ আলী দাখিল মাদ্রাসা।  
 উপজেলা: সদর, সাতক্ষীরা।  
 ২। সুপার, আলহাজ্ব মোহাম্মদ আলী দাখিল মাদ্রাসা।  
 পো:- বাশদাহ, উপজেলা সদর, সাতক্ষীরা।  
 ৩। মোঃ বদিরুজ্জামান, অফিস সহকারী, আলহাজ্ব মোহাম্মদ আলী দাখিল মাদ্রাসা।  
 উপজেলা- সদর, সাতক্ষীরা।

নং-বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-৯৩/ ২২৬৫/৫

তারিখ: ১২.২০১৮খ্রি:

- সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:
১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, সাতক্ষীরা।
  ২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, সাতক্ষীরা।
  ৩. সহকারী মৌলভী আবু তাহের জিয়া উদ্দিন মোঃ ইউসুফ (সাময়িক বরখাস্ত)।  
 ডাকঘর: বাশদাহ, উপজেলা: সদর, জেলা: সাতক্ষীরা।
  ৪. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
  ৫. অফিস কপি।

১০/১২/১৮

মোঃ মজিবুর রহমান  
 উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
 বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
 ফোন: ৯৬৭৪৮৭৪